# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা ২১/২০১৮-১৯**

**ঢাকা, রোববার, ২৯ জুলাই ২০১৮, ১৪ শ্রাবণ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পেশাদারিত্ব অর্জনে প্রশিক্ষণের বিকল্প নেই : এসএসএফের অনুষ্ঠানে রাষ্ট্রপতি

২। ঢাকার পাশে ছোট ছোট শহর হবে
রামপুরা বাড্ডা প্রগতি সরণি ইউলুপ উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৩। বর্তমান সরকারের আমলে শিক্ষা ব্যবস্থার ব্যাপক উন্নতি হয়েছে : ঝালকাঠিতে শিল্পমন্ত্রী

৪। বিনিয়োগ আকর্ষণ করতে ব্যাংকগুলোকে আরও বেশি সতর্কতার সঙ্গে চলতে হবে
মার্কেন্টাইল ব্যাংকের সম্মাননা প্রদান অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী

৫। গণতন্ত্র, গণমাধ্যম ও সাইবার জগতের সুস্থ বিকাশের পক্ষে থাকুন :
নিউজ টোয়েন্টিফোর চ্যানেলের দুইবছর পূর্তি উদ্‌যাপন অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

৬। বাংলাদেশ এখন খাদ্য রফতানির যোগ্যতা অর্জন করেছে : কেরানীগঞ্জে খাদ্যমন্ত্রী

৭। প্রতারণার সাথে যুক্ত রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে
সৌদিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত

৮। পর্তুগালের লিসবনে অনুষ্ঠিত ফিজিকস অলিম্পিয়াডে চার ব্রোঞ্জ জয় বাংলাদেশের

চলমান পাতা-২

**১। পেশাদারিত্ব অর্জনে প্রশিক্ষণের বিকল্প নেই : এসএসএফের অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ স্পেশাল সিকিউরিটি ফোর্সের (এসএসএফ) সদস্যদের প্রতি রাষ্ট্রের অতি গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নিরাপত্তা নিশ্চিত করতে আহ্বান জানিয়েছেন। তিনি (২৮ জুলাই শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এসএসএফের ৩২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, পেশাদারিত্ব অর্জনে প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। রাষ্ট্রের অতি গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নিরাপত্তা নিশ্চিত করতে প্রত্যেক এসএসএফ সদস্যকে নিজেকে দক্ষ, চৌকস ও যুগোপযোগী নিরাপত্তাকর্মী হিসেবে গড়ে তুলতে হবে। তিনি বলেন, নিশ্ছিদ্র নিরাপত্তাবলয় গড়ে তোলা সকল সহযোগী এজেন্সির সঙ্গে সুসম্পর্ক, নিবিড় যোগাযোগ ও সমন্বয় বজায় রাখতে হবে। একইসঙ্গে ভিভিআইপিদের জনসংযোগের বিষয়ও গুরুত্বের সঙ্গে বিবেচনায় রাখতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১)।

**২। ঢাকার পাশে ছোট ছোট শহর হবে**
**রামপুরা বাড্ডা প্রগতি সরণি ইউলুপ উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রাজধানীর যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে এবং যানজট নিরসনে সমগ্র ঢাকাকে ঘিরে একটি এলিভেটেড রিং রোড নির্মাণ করা হবে। পাশাপাশি ঢাকার আশপাশে ছোট ছোট শহর গড়ে তোলা হবে। এ শহরগুলোতে থাকবে বহুতল ভবন। গতকাল (২৮ জুলাই শনিবার) রাজধানীর রামপুরা-বাড্ডা-প্রগতি সরণি এলাকায় নর্থ ইউলুপ উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী হাতিরঝিল প্রকল্পের আওতায় নির্মিত ইউলুপটি উদ্বোধনের পর পুরো এলাকা ঘুরে দেখেন এবং এটি উদ্বোধনের পর পরই যান চলাচলের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

**৩। বর্তমান সরকারের আমলে শিক্ষা ব্যবস্থার ব্যাপক উন্নতি হয়েছে : ঝালকাঠিতে শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমলে দেশে শিক্ষা ব্যবস্থার ব্যাপক উন্নতি হয়েছে। বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে প্রতিটি বিদ্যালয়ে আধুনিক প্রযুক্তির মাধ্যমে ক্লাস নেওয়া হচ্ছে। গতকাল (২৮ জুলাই শনিবার) ঝালকাঠি জেলার নলছিটি উপজেলা পরিষদ মিলনায়তনে শ্রেষ্ঠ শিক্ষক, শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে শিল্পমন্ত্রী এসব কথা বলেন। শিল্পমন্ত্রী বলেন, বর্তমানে আমাদের শিক্ষার্থীরা পিছিয়ে নেই, সামনের দিকে এগিয়ে যাচ্ছে। ফলে গ্রামের মেধাবী শিক্ষার্থীরাও জাতীয় পর্যায়ে পুরস্কার পাচ্ছে। প্রতিটি ছেলেমেয়েকে এমনভাবে তৈরি করতে হবে, যাতে তারা আন্তর্জাতিক পুরস্কার অর্জন করতে পারে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬)।

**৪। বিনিয়োগ আকর্ষণ করতে ব্যাংকগুলোকে আরও বেশি সতর্কতার সঙ্গে চলতে হবে**
**মার্কেন্টাইল ব্যাংকের সম্মাননা প্রদান অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বিনিয়োগের জন্য বাংলাদেশ এখন আকর্ষণীয়। বিনিয়োগ আকর্ষণ করতে ব্যাংকগুলোকে আরও বেশি সতর্কতার সঙ্গে চলতে হবে। গতকাল (২৮ জুলাই শনিবার) রাজধানীর সোনারগাঁও হোটেলে আয়োজিত মার্কেন্টাইল ব্যাংকের সম্মাননা প্রদান অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী এ কথা বলেন। অনুষ্ঠানে পাঁচ গুণীজনকে সম্মাননা প্রদান এবং পাঁচ মেধাবী তরুণ ব্যাংকারকে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ ও বিশেষ অতিথি সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি বা তাঁদের প্রতিনিধিদের হাতে অ্যাওয়ার্ড তুলে দেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **প্রথম আলো** (পৃ.১৪,ক.১)।

**৫। গণতন্ত্র, গণমাধ্যম ও সাইবার জগতের সুস্থ বিকাশের পক্ষে থাকুন**
**নিউজ টোয়েন্টিফোর চ্যানেলের দুইবছর পূর্তি উদ্‌যাপন অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

গণতন্ত্রের পাশে থেকে সাইবার অপরাধরোধ ও মুক্ত গণমাধ্যমকে আরও বিকশিত করার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। তিনি গতকাল (২৮ জুলাই শনিবার) রাজধানীর বসুন্ধরা ইন্টারন্যাশনাল কনভেনশন সিটিতে নিউজ টোয়েন্টিফোর টিভি চ্যানেলের দুই বছর পূর্তি উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইনকিলাব** (পৃ.৮,ক.৪),**এশিয়ান এজ** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৭)।

**৬। বাংলাদেশ এখন খাদ্য রফতানির যোগ্যতা অর্জন করেছে : কেরানীগঞ্জে খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম বলেছেন, বাংলাদেশ এখন খাদ্য রফতানির যোগ্যতা অর্জন করেছে। কৃষকদের আর খাবারের জন্য কোনো চিন্তা করতে হয় না। দেশের উত্তরবঙ্গে এখন আর মঙ্গা হয় না। সারা দেশে ৫০ লাখ পরিবারকে ১০ টাকা কেজি দরে চাল দেওয়া হচ্ছে। দেশের মানুষের আর্থিক সক্ষমতা আগের চেয়ে অনেক বেড়েছে। তিনি গতকাল (২৮ জুলাই শনিবার) কেরানীগঞ্জের তালেপুর আদর্শ উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে শিক্ষক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১০,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৭। প্রতারণার সাথে যুক্ত রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে**
**সৌদিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত**

প্রতারণাকারী জনশক্তি রফতানিকারক রিক্রুটিং এজেন্সিগুলোকে কালো তালিকাভুক্ত করে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে উল্লেখ করেছেন সৌদি আরবে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত গোলাম মসীহ। রাষ্ট্রদূত গোলাম মসীহ বলেন, যেসব রিক্রুটিং এজেন্সি প্রতারণা করে বাংলাদেশ থেকে সৌদি আরবে শ্রমিক এনেছে সেসব এজেন্সিকে কালো তালিকাভুক্ত করে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। ফ্রি ভিসার নামে যেন কেউ দেশটিতে এসে বিপদগ্রস্ত না হন এ ব্যাপারে সাধারণ মানুষকে সচেতন করতে সাংবাদিকদের প্রতি আহ্বান জানান তিনি। গতকাল (২৮ জুলাই শনিবার) রিয়াদের বাংলাদেশ দূতাবাসে আয়োজিত সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় বক্তৃতাকালে এসব কথা বলেন রাষ্ট্রদূত গোলাম মসীহ। এছাড়া সৌদি আরবে যেসব বাংলাদেশি নাগরিক আছেন তাদের সহায়তার জন্য দূতাবাস কাজ করছে বলেও জানান তিনি। সূত্র-**ইনকিলাব** (পৃ.৪,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

**৮। পর্তুগালের লিসবনে অনুষ্ঠিত ফিজিকস অলিম্পিয়াডে চার ব্রোঞ্জ জয় বাংলাদেশের**

পর্তুগালের লিসবনে ৪৯তম আন্তর্জাতিক ফিজিকস অলিম্পিয়াডে (আইপিএইচও) বাংলাদেশ চারটি ব্রোঞ্জ পদক অর্জন করেছে। এ বছর আন্তর্জাতিক এ অলিম্পিয়াডে বিশ্বের ৮৭টি দেশের ৪৪৭ শিক্ষার্থী অংশ নিয়েছে। গতকাল (২৮ জুলাই শনিবার) অলিম্পিয়াডের চূড়ান্ত ফল ঘোষণা করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.২)।

**সম্পাদকীয়**

**ক.** **জনকণ্ঠ :** দেশের সব বেসরকারি ক্লিনিক, হাসপাতাল, ল্যাবরেটরি, ডায়াগনস্টিক সেন্টারের পরীক্ষাসহ চিকিৎসাসেবাবিষয়ক মূল্যতালিকা ও ফি প্রকাশ্য স্থানে প্রদর্শনের হাইকোর্টের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের আহ্বান।

**খ.** **প্রথম আলো :** বন্ধ হওয়ার ১৬ বছর পর রাজশাহী রেশম কারখানা চালু হওয়ার বিষয়কে স্বাগত জানিয়ে এ শিল্পের সুদিন ফেরার সম্ভাবনা তৈরি হওয়ার প্রত্যাশা।

গ. **ইত্তেফাক :** জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির (নায়েম) এক গবেষণার ফলাফলে মাধ্যমিকে নন-সায়েন্স ব্যাকগ্রাউন্ডের শিক্ষকদের দিয়ে বিজ্ঞান বিষয়ে পাঠদান করার বিষয় তুলে ধরে বিজ্ঞানের শিক্ষকের সংখ্যা বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ, সমকাল, ভোরের কাগজ, যায়যায়দিন, নিউ নেশন :** রাজশাহী, সিলেট এবং বরিশাল সিটি করপোরেশন নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্নে নির্বাচন কমিশন ও আইনশৃঙ্খলা বাহিনীকে নিরপেক্ষভাবে কাজ করার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে :** দেশের প্রায় এক কোটি লোক হেপাটাইটিস 'বি' ও 'সি' ভাইরাসে আক্রান্ত হওয়ার পরিপ্রেক্ষিতে হেপাটাইটিসের সংক্রমণ প্রতিরোধে কর্তৃপক্ষকে ব্যাপক জনসচেতনতামূলক পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

চ. **ডেইলি সান :** জনস্বার্থে ভেজাল ও নিম্নমানের ওষুধ আমদানি প্রতিহতে অসাধু আমদানিকারক ও ব্যবসায়ীদের কঠোর শাস্তি প্রদানের আহ্বান।

ছ. **নিউ নেশন :** হজসংক্রান্ত কার্যক্রমে অব্যবস্থাপনার জন্য সাত বেসরকারি সংস্থার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বে ও ডিজিটাল বাংলাদেশের কল্যাণে সমগ্রবিশ্বে বাংলাদেশ আজ মানবতাবাদী ও অসাম্প্রদায়িক দেশ হিসেবে পরিচিত।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'নারীর প্রয়োজন নিরাপদ মাতৃত্ব'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করতে পারলে মা ও শিশু সুস্থ থাকবে, গড়ে উঠবে একটি সুস্থ জাতি।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা